BENGALI EDITION
SCIENCE-GRADE 4
WRITTEN TEST

THE UNIVERSITY OF THE STATE OF NEW YORK

# গ্রেড 4

## প্রাথমিক-লেভেল
## বিজ্ঞান পরীক্ষা

## লিখিত পরীক্ষা
## v202

**শিক্ষার্থীর নাম** ____________________

**স্কুলের নাম** ____________________

**এই পরীক্ষায় অংশ নেওয়ার সময় যে কোনো ধরনের যোগাযোগ যন্ত্র সাথে রাখা বা ব্যবহার করা কঠোরভাবে নিষিদ্ধ। যদি আপনি খুব অল্প সময়ের জন্যেও কোনো যোগাযোগ যন্ত্র আপনার সাথে রাখেন বা ব্যবহার করেন, তাহলে আপনার পরীক্ষা বাতিল করা হবে এবং আপনাকে কোনো নম্বর দেওয়া হবে না।**

উপরের লাইনগুলোতে আপনার নাম ও আপনার স্কুলের নাম লিখুন।

এই পরীক্ষাটির দুটি অংশ আছে। অংশ I এবং অংশ II এই পরীক্ষা পুস্তিকায় দেয়া আছে।

**অংশ I** এ 30টি বহুনির্বাচনী প্রশ্ন আছে। আলাদা উত্তরপত্রে এই প্রশ্নগুলোর উত্তর লিখুন। আপনার উত্তরপত্রে কেবল একটি 2 নং পেন্সিল ব্যবহার করুন।

**অংশ II** এ 15টি রচনামূলক প্রশ্ন আছে। অংশ II এর জন্য আপনার উত্তরগুলো এই পরীক্ষা পুস্তিকায় লিখুন।

প্রশ্নগুলোর উত্তর দেয়ার জন্য যত সময় দরকার আপনাকে তা দেয়া হবে।

**আপনাকে না বলা পর্যন্ত এই পাতাটি উল্টাবেন না।**

Copyright 2021
THE UNIVERSITY OF THE STATE OF NEW YORK
THE STATE EDUCATION DEPARTMENT
ALBANY, NEW YORK 12234

NO PART OF THIS TEST MAY BE REPRODUCED AND/OR TRANSMITTED BY ANY MEANS WITHOUT WRITTEN PERMISSION.

## নির্দেশনা

এই পরীক্ষার অংশ I এ 30টি প্রশ্ন আছে। প্রতিটি প্রশ্নের জন্য চারটি উত্তর আছে, যেগুলো যথাক্রমে A–D। প্রতিটি প্রশ্ন ভালভাবে পড়ুন। কোন উত্তরটি সেরা তা সিদ্ধান্ত নিন। আলাদা উত্তরপত্রে দেয়া বৃত্তের সারি থেকে, প্রতিটি প্রশ্নের জন্য আপনার উত্তরটি সেই উত্তরের অক্ষরসম্বলিত বৃত্তটিকে ভরাট করে চিহ্নিত করুন। আপনার উত্তরপত্রে একটি 2 নং পেন্সিল ব্যবহার করুন।

নিচে দেয়া নমুনা প্রশ্ন **S-1** পড়ুন।

**S-1** জমাট বাঁধা পানিকে বলে

A কুয়াশা
B বরফ
C বাষ্প
D জলকণা

সঠিক উত্তরটি হচ্ছে **বরফ**, যেটি **B** অক্ষরের পাশে আছে। আপনার উত্তরপত্রে, নমুনা প্রশ্ন **S-1** এর জন্য দেখানো উত্তর বৃত্তসমূহের সারিটি দেখুন। **B** অক্ষরসম্বলিত বৃত্তটিকে কিভাবে ভরাট করা হয়েছে তা খেয়াল করুন।

এবার নমুনা প্রশ্ন **S-2** পড়ুন। আপনার উত্তরপত্রে, নমুনা প্রশ্ন **S-2** এর জন্য দেখানো উত্তর বৃত্তসমূহের সারিটি থেকে আপনার উত্তরটি চিহ্নিত করুন।

**S-2** কোন প্রাণীর পাখা আছে?

A পাখি
B ব্যাঙ
C ইঁদুর
D খরগোশ


সঠিক উত্তরটি হচ্ছে **পাখি**, যা **A** অক্ষরটির পাশে অবস্থিত। আপনার উত্তরপত্রে, আপনাকে **A** অক্ষরের বৃত্তটি ভরাট করে থাকতে হবে।

এই পরীক্ষার অংশ I এ দেয়া 30টি প্রশ্নের সবগুলোর উত্তর দিন। প্রতিটি প্রশ্নের জন্য কেবল একটি বৃত্ত ভরাট করুন। আপনি কোনো উত্তর পরিবর্তন করতে চাইলে সেটি সম্পূর্ণভাবে মুছতে ভুলবেন না। কিছু প্রশ্নের উত্তর আপনি নাও জানতে পারেন, তবে প্রতিটির জন্য আপনার সেরা চেষ্টাটি করুন।

অংশ I শেষ হলে, অংশ II এ চলে যান। অংশ II এ দেয়া সবগুলো প্রশ্নের উত্তর প্রতিটি প্রশ্নের জন্য নির্ধারিত ফাঁকা জায়গায় লিখুন।

## অংশ I

**1** নিচের ক্যালেন্ডারে এক মাস ধরে আকাশের বুকে চাঁদের পরিবর্তিত রূপগুলোর ছবি দেখানো হয়েছে।




চাঁদের রূপ বদলে যাওয়া যে ব্যাপারটির উদাহরণ তা হল

A প্রাকৃতিক চক্র
B শক্তির পরিবহণ
C আবহাওয়ার অবস্থা
D যান্ত্রিক শক্তি

**2** পৃথিবীর পক্ষে সূর্যের চারদিকে একবার ঘুরে আসতে কত সময় লাগে?

A এক দিন
B এক সপ্তাহ
C এক মাস
D এক বছর

**3** সূর্য প্রতিদিন ওঠে এবং অস্ত যায় যে কারণে তা হল

A পৃথিবীর আহ্নিক গতি
B পৃথিবীর বার্ষিক গতি
C সূর্যের আহ্নিক গতি
D সূর্যের বার্ষিক গতি

**4** নিচের ছবিগুলোতে একটি ভারি বর্ষণের আগে ও পরে একটি ঝর্ণার আকৃতি দেখানো হয়েছে।

**একটি ভারি বর্ষণের আগে**



**একটি ভারি বর্ষণের পরে**



বর্ষণের পর কোন প্রক্রিয়ার ফলে এই ঝর্ণার আকৃতি বদলে যাওয়ার সম্ভাবনা সবচেয়ে বেশি?

A ঘনীভবন
B ঘূর্ণন
C ক্ষয়
D বাষ্পীভবন


**5** একজন শিক্ষার্থী একটি পাথরের কোন বৈশিষ্ট্যটি হাত দিয়ে স্পর্শ করেই সবচেয়ে ভালভাবে বুঝতে পারে?

A রঙ
B গন্ধ
C স্বাদ
D উপরিভাগ

**6** একটি সার্কিট টেস্টারের সবচেয়ে ভাল ব্যবহার হয় একটি বস্তুর যে দিকটি নির্ণয়ে তা হল

A প্রতিফলন ক্ষমতা
B পরিবাহিতা
C নমনীয়তা
D ওজন

**7** নিচের চিত্রে একটি সমুদ্র সৈকতে দিনের বিভিন্ন সময়ে একটি ছাতার ছবি দেখানো হয়েছে।





ছবিগুলোতে পারিপার্শ্বিকের ভিত্তিতে ছাতার যে বৈশিষ্ট্যটি প্রভাবিত হয় বলে দেখানো হয়েছে তা হল

A ছায়া
B আকার
C আকৃতি
D উপরিভাগ

৪ ও 9 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া তথ্য ও রেখাচিত্রের উপর এবং আপনার বিজ্ঞানের জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

ছবিগুলোতে একটি কাঠের তক্তার উপর রাখা তিনটি জুতা দেখানো হয়েছে। $A$ ছবিতে, তক্তাটি মাটির উপর সমানভাবে রাখা আছে। $B$ ছবিতে, একটি দড়ির সাহায্যে তক্তার এক প্রান্ত তুলে ধরা হয়েছে। $B$ ছবিতে তক্তাটি যখন তুলে ধরা হল তখন জুতাগুলো পিছলে পড়ে ***যায়নি***।




**8** $B$ ছবিতে তক্তাটি তুলে ধরার জন্য কোন ধরনের শক্তি ব্যবহার করা হয়েছে?


A আলোক
B তাপ
C যান্ত্রিক
D শব্দ

**9** $B$ ছবিতে যে শক্তি জুতাগুলোকে তক্তার উপর থেকে পিছলে পড়ে যাওয়া থেকে রক্ষা করে তা হল

A তড়িৎ
B চৌম্বকীয়
C ঘর্ষণ
D মাধ্যাকর্ষণ

*************************************************************

**10** নিচের ছবিতে একটি বন্ধ সার্কিটের চারটি অংশ দেখানো হয়েছে।





বন্ধ সার্কিটটিতে কোন বস্তুটি তড়িৎ শক্তির একটি উৎস?

A ব্যাটারি
B লাইটবাল্ব
C সুইচ
D তার

**11** কোন উক্তিটি সূর্য থেকে আসা আলোক শক্তির একটি ***ক্ষতিকর*** দিকের উদাহারণ?

A একজন শিক্ষক সৌরশক্তি চালিত ক্যালকুলেটর ব্যবহার করেন।
B একজন শিক্ষার্থীর ত্বক সৈকতে রোদের তাপে পুড়ে যায়।
C একটি কচ্ছপ একটি পাথরে বসে রোদে নিজেকে গরম করে।
D গাছের পাতা সূর্যের আলো ব্যবহার করে নিজেদের খাদ্য তৈরি করে।


**12** নিচের চিত্রটিতে কয়েকটি ভিন্ন ভিন্ন আকৃতি দেখানো হয়েছে।




কোন উক্তিটি চিত্রের হৃদয় আকৃতির চিহ্নটির ঠিক উপরে এবং ঠিক নিচে থাকা আকৃতিগুলোকে সঠিকভাবে সনাক্ত করে?

A বৃত্তটি হৃদয় চিহ্নের উপরে এবং ত্রিভুজটি নিচে।
B অষ্টভুজটি হৃদয় চিহ্নের উপরে এবং হীরক আকৃতির চিহ্নটি নিচে।
C তারকাটি হৃদয় চিহ্নের উপরে এবং আয়তক্ষেত্রটি নিচে।
D ডিম্বাকৃতি চিহ্নটি হৃদয় চিহ্নের উপরে এবং পঞ্চভুজটি নিচে।

**13** নিচের ছবিতে একটি ক্রোবার দেখানো হয়েছে, যা একটি সরল যন্ত্র হিসাবে ব্যবহার করে একটি পেরেককে টেনে তোলা হচ্ছে।




ক্রোবারটি যে জিনিসের উদাহারণ তা হল

A একটি পুলি
B একটি লিভার
C একটি দাঁড়িপাল্লা
D একটি ঢালু সমতল

**14** একটি গরম, রৌদ্রোজ্জ্বল দিনে দুটি গাড়ি বাইরে রাখা আছে। গাড়ি দুটি একই আকার ও আকৃতির। একটি গাড়ি কালো ও আরেকটি সাদা রঙের। গাড়িগুলোকে চার ঘন্টা ধরে রোদের মধ্যে রাখা হয়েছে।

সাদা গাড়ির তুলনায় কালো গাড়িটির ছাদ যেটি হওয়ার সম্ভাবনা বেশি তা হল

A ঠাণ্ডা, কারণ এটি বেশি রোদ শোষণ করে
B ঠাণ্ডা, কারণ এটি কম রোদ শোষণ করে
C উষ্ণ, কারণ এটি বেশি রোদ শোষণ করে
D উষ্ণ, কারণ এটি কম রোদ শোষণ করে

**15** একজন শিক্ষার্থী সকালবেলা স্কুলে যায়, একটি পরীক্ষা দেয়, দুপুরের খাবার খায়, এবং ড্রাম বাজায়। এই কাজগুলোর মধ্যে কোনটি একটি জৈবিক প্রক্রিয়া?

A স্কুলে যাওয়া
B পরীক্ষা দেয়া
C দুপুরের খাবার খাওয়া
D ড্রাম বাজানো

**16** কোন **জড়** পদার্থের উদাহারণটি মানুষের তৈরি?

A পানি
B বাতাস
C রোদ
D কাগজ

**17** শিশুরা কোন বৈশিষ্ট্যটি তাদের পিতামাতার কাছ থেকে পেতে পারে?

A পুরনো ক্ষতচিহ্ন

B চোখের রঙ

C বই পড়া

D সাইকেল চালানো

**18** একটি গাছ থেকে একটি আপেল পড়ে এবং গড়িয়ে নালায় পড়ে যায়। আপেলটি পানিতে ভাসতে ভাসতে গাছ থেকে দূরে চলে যায়। এটি যার উদাহরণ তা হল


A অভিপ্রয়াণ

B বীজ ছড়ানো

C পরিবেশের সাথে অভিযোজন

D আবহাওয়ার অবস্থা পরিবর্তন

**19** নিচের চিত্রে একটি গাছের পাশে দুটি জিরাফকে দেখানো হয়েছে।



জিরাফ দুটি, গাছ থেকে পাতা ছিড়তে গিয়ে, যে জিনিসটির জন্য প্রতিযোগিতা করছে তা হল

A খাদ্য

B স্থান


C রোদ

D বাতাস


**20** কোন **দুটি** প্রক্রিয়ার ফলে একজন মানুষ জন্ম থেকে বড় হওয়ার সময় তার উচ্চতা বৃদ্ধি পায়?

A বৃদ্ধি ও বিকাশ
B বৃদ্ধি ও অপসারণ
C শ্বসন ও বিকাশ
D শ্বসন ও অপসারণ


**21** কোন চিত্রটিতে গাছের বৃদ্ধির পর্যায়গুলো সঠিকভাবে চিহ্নিত করা হয়েছে?





A




C




B




D

(আনুপাতিক মাপে আঁকা নয়)

**22** মরুভূমিতে চলার সময়, একটি উটের কুঁজ প্রাণীটিকে খাবার ছাড়া প্রায় দুই সপ্তাহ বাঁচিয়ে রাখার জন্য প্রয়োজনীয় চর্বি জমিয়ে রাখে। এই শারীরিক গঠন উটকে যে ব্যাপারে সাহায্য করে তা হল

A খাবার তৈরি করা

B আশ্রয় বানানো

C পরিবেশের সাথে খাপ খাওয়ানো

D এর পরিবেশের সাথে মিশে যাওয়া

**23** সাদা-লেজওয়ালা হরিণ তাদের লেজ তুলে আশেপাশে থাকা অন্যান্য হরিণদের বিপদ সংকেত জানায়। এই আচরণ হরিণটির যে কাজের উদাহারণ তা হল

A শীতনিদ্রায় যাওয়া

B যোগাযোগ করা

C বংশবৃদ্ধি করা

D অভিপ্রয়াণ করা

**24** আবাসন প্রকল্প তৈরি করার জন্য একটি জঙ্গল কেটে পরিষ্কার করা হল। ওই জঙ্গলে যে সব বন্য প্রাণী বাস করছিল তাদের উপর পরিবেশের কোন দিকটি ***হারিয়ে*** যাওয়ার ফলে একটি ***নেতিবাচক*** প্রভাব পড়বে?

A বাতাস

B আশ্রয়

C রোদ

D বৃষ্টিপাত

**25** প্রাণীদের দেহের বৃদ্ধি ও সেরে ওঠার জন্য তাদের দরকার

A খাদ্য

B সঙ্গী


C আশ্রয়

D আলোক

**26** বিয়োজক হচ্ছে এমন একটি প্রাণী যা

A পুষ্টি পুনঃব্যবহার করে
B সূর্যের আলো শোষণ করে
C খাদ্য উৎপাদন করে
D বীজ তৈরি করে

**27** একটি বিজ্ঞান ক্লাসের শিক্ষার্থীরা একটি আঙুলের দৈর্ঘ্যকে ব্যবহার করে তাদের টেবিলগুলোর দৈর্ঘ্য মাপল। তাদের পরিমাপের ফলাফলগুলি নিচের গ্রাফে দেখানো হয়েছে। প্রতিটি $X$ দিয়ে একজন শিক্ষার্থীকে নির্দেশ করা হয়েছে।




কয়জন শিক্ষার্থী টেবিলের দৈর্ঘ্যকে 9 আঙুল বলে পরিমাপ করেছে?

A 2
B 4
C 6
D 8

**28** দুটি একই রকম দেখতে গাছ দুটি একই রকম পাত্রে একই পরিমাণ মাটিতে লাগানো হয়েছে। কেবল একটি গাছকে প্রতিদিন পানি দেয়া হয়। দুটি গাছই একই পরিমাণের আলো ও বাতাস পায়। পরীক্ষাটিতে গাছের উপর যে উপাদানটির প্রতিক্রিয়া দেখা হচ্ছে তা হল

A বাতাস
B আলোক
C মাটি
D পানি

**29** নিচের তথ্য ছকে একটি খেলনা গাড়ি 5, 10, এবং 15 সেকেন্ডে যত দূর যায়, তা সেন্টিমিটারে (সেমি) দেখানো হয়েছে।

**তথ্য ছক**

| **সেকেন্ডের সংখ্যা** | **খেলনা গাড়ির অতিক্রান্ত দূরত্ব** (সেমি) |
|---|---|
| 5 | 120 |
| 10 | 240 |
| 15 | 360 |

যদি উপরের তথ্য ছকে দেখানো হিসাব চলমান থাকে, তাহলে গাড়িটি 20 সেকেন্ডে কত দূর যাবে?

A 400 সেমি
B 480 সেমি
C 600 সেমি
D 720 সেমি

**30** ফেব্রুয়ারি থেকে জুন মাস পর্যন্ত অ্যালবানি, নিউ ইয়র্কের গড় মাসিক বায়ু তাপমাত্রা প্রতি মাসে বৃদ্ধি পায়। কোন তথ্য ছকটি অ্যালবানি, নিউ ইয়র্কের জন্য এই গড় মাসিক বায়ু তাপমাত্রাগুলোকে সঠিকভাবে দেখায়?

| মাস | গড় বায়ুর তাপমাত্রা (°F) |
|---|---|
| ফেব্রুয়ারি | 25 |
| মার্চ | 35 |
| এপ্রিল | 58 |
| মে | 46 |
| জুন | 67 |

A

| মাস | গড় বায়ুর তাপমাত্রা (°F) |
|---|---|
| ফেব্রুয়ারি | 25 |
| মার্চ | 35 |
| এপ্রিল | 47 |
| মে | 58 |
| জুন | 57 |

C

| মাস | গড় বায়ুর তাপমাত্রা (°F) |
|---|---|
| ফেব্রুয়ারি | 25 |
| মার্চ | 25 |
| এপ্রিল | 47 |
| মে | 58 |
| জুন | 67 |

B

| মাস | গড় বায়ুর তাপমাত্রা (°F) |
|---|---|
| ফেব্রুয়ারি | 25 |
| মার্চ | 35 |
| এপ্রিল | 47 |
| মে | 58 |
| জুন | 67 |

D

******************************************************************

## অংশ II

*নির্দেশনা* (31–45): প্রতিটি প্রশ্নের নিচে প্রদত্ত স্থানে আপনার উত্তর লিপিবদ্ধ করুন।

31 ও 32 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া ছক এবং আপনার বিজ্ঞানের জ্ঞানের উপর ভিত্তি করে দিন। ছকটিতে বন্যা সম্পর্কে কয়েকটি তথ্য দেয়া হয়েছে।

**বন্যা সম্পর্কিত তথ্য**

— বাড়িঘরের ক্ষতি করতে পারে
— পুষ্টি-সমৃদ্ধ মাটি জমা করতে পারে
— দ্রুত ঘটতে পারে
— কিছু নদীতে প্রতি বছর বন্যা হয়
— ভূগর্ভস্থ পানির মজুদ বৃদ্ধি করতে পারে

**31** পরিবেশের উপর বন্যার **একটি** ইতিবাচক প্রভাব চিহ্নিত করুন। [1]

___________________________________________

___________________________________________

**32** বন্যার পূর্বাভাস দেয়া হলে একজন ব্যক্তির নিরাপদ থাকার জন্য করতে হবে এমন **একটি** কাজ চিহ্নিত করুন। [1]

___________________________________________

___________________________________________

*****************************************************************


**33** নিচের তথ্য ছকটিতে একজন শিক্ষার্থী চার দিন ধরে একটি পার্ক পরিষ্কার করার সময় যতগুলো কাচের বোতল পেয়েছে তার সংখ্যা দেখানো হয়েছে।

**সংগৃহীত কাচের বোতলের সংখ্যা**

| দিন | বোতল |
|---|---|
| 1 | 11 |
| 2 | 8 |
| 3 | 5 |
| 4 | 7 |

নিচের বার গ্রাফটি ওই শিক্ষার্থীর প্রতি দিন সংগ্রহ করা কাচের বোতলের সংখ্যা সংক্রান্ত তথ্য দিয়ে সম্পূর্ণ করুন। উদাহরণ হিসাবে দিন 1 এর বারটি দেখানো হয়েছে। [1]

**কাচের বোতল সংগ্রহের গ্রাফ**



34 ও 35 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া চিত্র ও আপনার বিজ্ঞানের জ্ঞানের উপর ভিত্তি করে দিন। চিত্রটিতে বিভিন্ন-আকারের ঠোঁটসহ চারটি ভিন্ন ভিন্ন পাখিকে দেখানো হয়েছে।




**34** ঠোঁটের আকার অনুযায়ী ক্ষুদ্রতম থেকে দীর্ঘতম ক্রমে পাখিগুলোর নাম লিখুন। [1]

____________ ____________ ____________ ____________


**ক্ষুদ্রতম** ⟶ **দীর্ঘতম**

**35** পাখিগুলোর ঠোঁটের দৈর্ঘ্য মাপার জন্য ব্যবহার করা যায় এমন **একটি** বৈজ্ঞানিক যন্ত্রের নাম লিখুন। [1]

________________________

****************************************************************

36 ও 37 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া চিত্রসমূহ ও আপনার বিজ্ঞানের জ্ঞানের উপর ভিত্তি করে দিন। চিত্র $A, B,$ এবং $C$ এ পানিকে এর পদার্থের তিনটি অবস্থায় দেখানো হয়েছে।




(আনুপাতিক মাপে আঁকা নয়)

**36** চিত্র $A$ তে পানির যে অবস্থাটি দেখানো হয়েছে তা চিহ্নিত করুন। [1]


______________________________

**37** পদার্থের যে অবস্থায় পানির একটি নির্দিষ্ট আকৃতি ও আয়তন থাকে সেটি কোন চিত্রে দেখানো হয়েছে? [1]

একটিকে গোল দাগ দিন: A B C

**********************************************************************

**38** নিচের চিত্রে বৈদ্যুতিক শক্তি ব্যবহার করে এমন কয়েকটি বস্তু দেখানো হয়েছে। মানুষ এই বস্তুগুলোকে ভিন্ন ভিন্ন উপায়ে ব্যবহার করে।





(আনুপাতিক মাপে আঁকা নয়)

চিত্র থেকে রেডিও ছাড়া, অন্য **একটি** বস্তু বেছে নিন। বস্তুটি বৈদ্যুতিক শক্তিকে রূপান্তরিত করে উৎপন্ন করে এমন **একটি** শক্তির নাম লিখুন, তারপর বর্ণনা করুন যে বস্তুটি মানুষকে কিভাবে সাহায্য করে। রেডিও সম্পর্কে তথ্যটি দেখানো হয়েছে। [1]

| **বস্তু** | **উৎপন্ন শক্তির ধরন** | **বস্তুটি কিভাবে সাহায্য করে মানুষকে** |
|---|---|---|
| রেডিও | শব্দ | মানুষ খবর ও আবহাওয়ার সংবাদ শুনতে পারে। |
| | | |

**39** নিচের চিত্রে একজন শিক্ষার্থীকে দেখানো হয়েছে যে তার হাতদুটো একসাথে ডলছে। শিক্ষার্থীর হাতগুলো যে দিকে নড়ছে তা তীর চিহ্ন দিয়ে দেখানো হয়েছে।



শিক্ষার্থীটি তার হাতগুলো ঘষলে যে শক্তি উৎপন্ন হয় তার মধ্যে **একটি** শক্তির নাম লিখুন। [1]

______________________________

40 ও 41 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া চিত্র ও আপনার বিজ্ঞানের জ্ঞানের উপর ভিত্তি করে দিন। চিত্রটিতে একটি স্কাংককে দেখানো হয়েছে।



**40** স্কাংকরা অত্যন্ত দুর্গন্ধযুক্ত এক ধরনের তরল ছুঁড়ে মারতে পারে। একটি প্রাণীর গায়ে স্কাংকের ছুঁড়ে মারা তরল লাগলে ক্ষতিগ্রস্থ হবে এমন **একটি** ইন্দ্রিয়ের নাম লিখুন। [1]

______________________________


**41** স্কাংকের ধারালো নখও আছে। স্কাংকের নখ যেভাবে একে টিকে থাকতে সাহায্য করে তেমন **একটি** উপায় লিখুন। [1]

______________________________

______________________________

***********************************************************************

42 ও 43 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেয়া একটি পুকুরের পরিবেশের চিত্র এবং আপনার বিজ্ঞানের জ্ঞানের উপর ভিত্তি করে দিন।




(আনুপাতিক মাপে আঁকা নয়)

**42** চিত্রে দেয়া আছে এমন **দুটি** প্রাণীকে চিহ্নিত করুন যারা উৎপাদক। [1]

________________ এবং ________________

**43** পুকুরের পরিবেশে সকল প্রাণীর জন্য শক্তির উৎসটি চিহ্নিত করুন। [1]

________________

*****************************************************************

**44** এক ধরনের প্রাণীর গড় আয়ুষ্কাল হচ্ছে দশ বছর। আয়ুষ্কাল বলতে কী বোঝায় ব্যাখ্যা করুন। [1]

______________________________________________

______________________________________________

**45** একটি প্রাণী কেন এক এলাকা থেকে অন্য এলাকায় গিয়ে বসবাস করবে তার **দুটি** কারণ বর্ণনা করুন। [1]

(1) ______________________________________________

______________________________________________

(2) ______________________________________________

______________________________________________

****************************************************************

**শুধু শিক্ষকদের ব্যবহারের জন্য**
**Part II Credits**

| Question | Maximum Credit | Credit Allowed |
|---|---|---|
| 31 | 1 | |
| 32 | 1 | |
| 33 | 1 | |
| 34 | 1 | |
| 35 | 1 | |
| 36 | 1 | |
| 37 | 1 | |
| 38 | 1 | |
| 39 | 1 | |
| 40 | 1 | |
| 41 | 1 | |
| 42 | 1 | |
| 43 | 1 | |
| 44 | 1 | |
| 45 | 1 | |
| Total | 15 | |

পুনর্ব্যবহারযোগ্য কাগজে মুদ্রিত

GRADE 4 ELEMENTARY-LEVEL SCIENCE BENGALI EDITION